

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
(www.bpsc.gov.bd)

### বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০৩.২০১৫/০৮

তারিখ : ০৪ /১০/১৪২৩ বঙ্গাব্দ  
১৭ /০১/২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয় :** শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১ম শ্রেণির প্রভাষক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং), প্রভাষক (সিভিল ইঞ্জিনিয়ারিং), প্রভাষক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং), ওয়ার্কশপ মেইনটেন্যাস ইঞ্জিনিয়ার ও ওয়ার্কশপ/ল্যাবরেটরী ইনচার্জ এর ৫ ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১ম শ্রেণির প্রভাষক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং), প্রভাষক (সিভিল ইঞ্জিনিয়ারিং), প্রভাষক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং), ওয়ার্কশপ মেইনটেন্যাস ইঞ্জিনিয়ার ও ওয়ার্কশপ/ল্যাবরেটরী ইনচার্জ এর ৫ ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা নিম্ন লিখিত কেন্দ্রে, বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :-

কেন্দ্রের নাম	পদের নাম	তারিখ ও সময়
লালামাটিয়া মহিলা কলেজ, লালমাটিয়া, ঢাকা।	প্রভাষক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং), প্রভাষক (সিভিল ইঞ্জিনিয়ারিং), প্রভাষক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং), ওয়ার্কশপ মেইনটেন্যাস ইঞ্জিনিয়ার ও ওয়ার্কশপ/ল্যাবরেটরী ইনচার্জ এর ৫ ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা নিম্ন লিখিত কেন্দ্রে, বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।	০১/০২/২০১৭ তারিখ রোজ - বুধবার দুপুর-২.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা।

#### পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- (১) ক) উল্লিখিত পদগুলোর মধ্যে একাধিক পদে আবেদনকারী প্রার্থীগণ যে কোন একটি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করলে, আবেদনকৃত প্রতিটি পদে অংশগ্রহণ করেছেন মর্মে ধরে নেয়া হবে। তবে যে পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন, উত্তরপত্রে প্রার্থীকে সেই পদের জন্য নির্ধারিত রেজিঃ নম্বর উল্লেখ করতে হবে।  
খ) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপ্রিধারী প্রার্থীগণ তাদের সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা দিয়ে উল্লীল হলে আবেদনকৃত ওয়ার্কশপ মেইনটেন্যাস ইঞ্জিনিয়ার ও ওয়ার্কশপ/ল্যাবরেটরী ইনচার্জ পদেও মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।  
গ) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপ্রিধারী প্রার্থীগণ ওয়ার্কশপ মেইনটেন্যাস ইঞ্জিনিয়ার ও ওয়ার্কশপ/ল্যাবরেটরী ইনচার্জ পদ দুটিতে আবেদন করে থাকলে যে কোন একটি পদে পরীক্ষা দিয়ে উল্লীল হলে আবেদনকৃত উভয় পদেই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
- (২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘটার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষাক কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- (৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়বিদ্যার জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কেড়ে ডুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- (৪) প্রার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষাক কেন্দ্রে বহিপুস্তক, ব্যাগ, কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনওভাবেই সাথে আনা বা ব্যবহার করা যাবে না। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাস্তুনীয়।
- (৫) এ পরীক্ষায় যে কোন রকম অসদুপযোগ অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিক্ষার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপযোগ অবলম্বন করলে বা কোন অসদুপযোগ অবলম্বনের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। এছাড়া ক্ষেত্রে বিশেষ মামলা দায়ের পূর্বে আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপান করা হবে।
- (৬) পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়তিত্ত্ব উত্তরপত্র গঠন করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- (৭) এ পদগুলোর প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে দ্রুত করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ তাদের স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)) এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর (<http://bpsc.teletalk.com.bd>) ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- (৮) এই বিজ্ঞপ্তি কমিশনের ([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)) ওয়েব সাইট এবং কমিশনের নোটিশ বোর্ডে প্রকাশ পাওয়া যাবে।

পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

চাকরির ক্ষেত্রে কোনৱে তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০/০১/২০১৭  
শেখ শাখাওয়াৎ হোসেন  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)